

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)

“মহাকাশ বিজ্ঞান ভবন”

প্রতিরক্ষা মন্ত্রণালয়

আগারগাঁও, শেরে বাংলা নগর,

ঢাকা-১২০৭।

স্যাটেলাইট ভিত্তিক আবহাওয়া সংক্রান্ত তথ্য (ঘূর্ণিঝড় মোড়া)

তারিখঃ মে ২৯, ২০১৭ খ্রিস্টাব্দ।

আজ বাংলাদেশ সময় ১৫:০১ ঘটিকার FY-2E স্যাটেলাইট চিত্রে মধ্য বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণিঝড় ‘মোড়া’ (MORA) আরো ঘনীভূত হয়ে আজ বাংলাদেশ সময় ১৫:০১ ঘটিকায় ১৮.৩২° অক্ষাংশ এবং ৯১.৪১° দ্রাঘিমাংশ এ অবস্থান করছে। এটি মংলা সমুদ্র বন্দর থেকে প্রায় ৪৮০ কিলোমিটার, চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে ৪২০ কিলোমিটার এবং কক্সবাজার সমুদ্র বন্দর থেকে ৩৪০ কিলোমিটার দূরে অবস্থান করছে। এটি ধীরে ধীরে আরো ঘনীভূত হয়ে উত্তর দিকে অগ্রসর হওয়ার সম্ভাবনা রয়েছে।

ঘূর্ণিঝড় ‘মোড়া’ (MORA) আগামীকাল বাংলাদেশ সময় ভোর ০৪:০০ থেকে ০৭:৩০ এর সময়ের মধ্যে চট্টগ্রাম-বরগুনা উপকূল এর মধ্য দিয়ে অতিক্রম করার সম্ভাবনা রয়েছে। ঘূর্ণিঝড় ‘মোড়া’ (MORA) আঘাত হানার সময়ে ইহার বাতাসের গতিবেগ ঘন্টায় প্রায় ১১০ কি:মি: থেকে ১৩০ কি:মি: পর্যন্ত বৃদ্ধি হওয়ার সম্ভাবনা রয়েছে। ঘূর্ণিঝড় ‘মোড়া’ (MORA) এর পারিপার্শ্বিক মেঘের প্রভাবে আজ উপকূলীয় জেলাসমূহের উপর দিয়ে ঝড়োহাওয়াসহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। সাগর উত্তাল থাকবে। সমুদ্রে চলাচলকারী সকল প্রকার মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে নিরাপদ আশ্রয়ে থাকার পরামর্শ দেয়া যেতে পারে।

ঘূর্ণিঝড় ‘মোড়া’ (MORA) এর উপর সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হচ্ছে।

সংশ্লিষ্ট সকলকে স্পারসো ওয়েবসাইট (www.sparrso.gov.bd) থেকে আবহাওয়া সম্পর্কিত স্যাটেলাইট ইমেজ ভিত্তিক (FY-2E/2G, TERRA, AQUA) হালনাগাদ রিপোর্ট অবহিত হবার পরামর্শ/অনুরোধ জানানো যাচ্ছে।

সংযুক্তি: ১. FY-2E স্যাটেলাইট চিত্র ০১ (এক) কপি।

Reference:

1. FY-2E
2. Meteorological website.

মোঃ সাহেব আলী
সহকারী প্রকৌশলী
ফোন নং- ৯১১৩৯৬০

